# ২০২৪

# বাংলা

(মাইনর)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : BENG-GG-101

## বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ও বাংলা ভাষাতত্ত্ব

[NEP-2020]

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন?

খ) কে, কোন্ মঙ্গলকাব্যের কবি? — ঘনরাম চক্রবর্তী, নারায়ণদেব, ভারতচন্দ্র, মুকুন্দরাম চক্রবর্তী।

গ) 'পদ্মাবতী' গ্রন্থের রচয়িতা কে? তিনি কোথা থেকে এই গ্রন্থের কাহিনি নিয়েছেন?

ঘ) চৈতন্য-পূর্ব ও চৈতন্য-উত্তর যুগের বৈষ্ণব পদাবলীর একজন করে পদকর্তার নাম লেখো।

ঙ) শাক্তপদাবলীর দু'টি শাখার নাম লেখো। উভয় শাখার শ্রেষ্ঠ কবির নাম লেখো।



[পরের পাতায়]

চ) বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি ও কী কী?

ছ) বরেন্দ্রী উপভাষা কোন্ কোন্ অঞ্চলে প্রচলিত? এই উপভাষার একটি বৈশিষ্ট্য লেখো।

জ) উদাহরণ-সহ সমীভবনের সংজ্ঞা দাও।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) বাংলা মঙ্গলকাব্যের ধারায় কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তীর কৃতিত্ব আলোচনা করো।

খ) কৃত্তিবাসের রামায়ণের মৌলিক দিকগুলি আলোচনা করো।

গ) শাক্তপদ রচনায় কবি কমলাকান্ত ভট্টাচার্যের অবদান আলোচনা করো।

ঘ) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষার পাঁচটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) চর্যাপদ কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেছিলেন? বাংলা ভাষা ও সাহিত্যে চর্যাপদের গুরুত্ব আলোচনা করো।

খ) চৈতন্য জীবনী রচনায় কৃষ্ণদাস কবিরাজের অবদান আলোচনা করো।

গ) রেখাচিত্র-সহ বাংলা ভাষা উদ্ভবের ইতিহাস বর্ণনা করো।

ঘ) শব্দার্থ পরিবর্তনের ধারাগুলি উদাহরণ-সহ বুঝিয়ে দাও।

---